তারিখ 26 MAR 1994
পৃষ্ঠা ৩ কলাম ৫

দৈনিক ইত্তেফাক

40

ছাত্রলীগের (ম-ই) কর্মসূচী

# ভিসির পদত্যাগের দাবীতে ২৭শে মার্চ ছাত্র ধর্মঘট আহ্বান

ইত্তেফাক রিপোর্ট ।। সন্ত্রাসমুক্ত ক্যাম্পাস প্রতিষ্ঠা ও ভিসি প্রফেসর এমাজ উদ্দিন আহমদের পদত্যাগের দাবীতে ছাত্রলীগ (ম-ই) ২৭শে মার্চ রবিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট আহ্বান করিয়াছে। গত বৃহস্পতিবার একই দাবীতে অপরাজেয় বাংলার পাদদেশে এক ছাত্র সমাবেশে ছাত্রলীগ এই কর্মসূচী ঘোষণা করে। সংগঠনের কেন্দ্রীয় সভাপতি মঈনুদ্দিন হাসান চৌধুরী, সাধারণ সম্পাদক ইকবালুর রহীম, খিজির হায়াৎ

(৪র্থ কঃ দ্রঃ)

ছাত্রলীগের (ম-ই) কর্মসূচী

(৩য় পৃঃ পর)

মোঃ লিজু, শফিকুল আলম শফিক, পংকজ দেবনাথ, গাজী মেসবাহউল হোসেন সাচ্চু প্রমুখ বক্তৃতা করেন।

মঈনুদ্দিন হাসান চৌধুরী বলেন, ডাকসু নির্বাচন সম্পর্কে আমাদের মনোভাব ইতিবাচক। আমরাই প্রথম নির্বাচনের দাবী করিয়াছি। কিন্তু ভিসি প্রফেসর এমাজ উদ্দিন আহমদ নিরপেক্ষতার তোয়াক্কা না করিয়া দলীয় স্বার্থ সিদ্ধির জন্য হলে হলে সন্ত্রাসীদের রাখিয়াই তড়িঘড়ি নির্বাচনের তারিখ ঘোষণা করেন। আমরা মনে করি, বর্তমান ভিসির অধীনে নির্বাচন অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠিত হইবে না।

ইকবালুর রহীম বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্তমান ভিসি জিয়া পরিষদে যোগ দিয়া নিরপেক্ষতা হারাইয়াছেন। তাহার পদত্যাগ ছাড়া ক্যাম্পাসে সন্ত্রাসমুক্ত পরিবেশ গড়িয়া উঠিবে না। সমাবেশ শেষে পূর্ব ঘোষিত কর্মসূচীর আওতায় মিছিল বাহির করা হয়।